# জাতীয় সঞ্চয় স্কিমসমূহ

[সঞ্চয় আমানত সংশ্লিষ্ট তথ্য সম্বলিত সহায়ক লিফলেট]

## ‘সঞ্চয় সমৃদ্ধি আনে’


## জাতীয় সঞ্চয় অধিদপ্তর

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

www.nationalsavings.gov.bd

ঠিকানাঃ এন.এস.সি. টাওয়ার (১৮ তলা), ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা।


রক্তক্ষয়ী এক মহান মুক্তি সংগ্রামের মাধ্যমে বাংলাদেশ স্বাধীন হওয়ার পর যুদ্ধ বিধ্বস্ত দেশের অর্থনীতিকে পুনর্গঠন, জনগণকে মিতব্যয়িতা ও সঞ্চয় প্রবণতার শিক্ষা, ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় একত্রীকরণ, ঘাটতি বাজেটে অর্থায়ন, বৈদেশিক নির্ভরতা হ্রাস, নিরাপদ বিনিয়োগের ক্ষেত্র সৃষ্টি এবং সরকারের মুদ্রানীতি বাস্তবায়নে সহায়তা প্রদানের লক্ষ্যে স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭২ সালে জাতীয় সঞ্চয় পরিদপ্তর প্রতিষ্ঠা করেন। অভ্যন্তরীণ সম্পদ আহরণের পাশাপাশি রেমিট্যান্স আহরণ উৎসাহিত করার লক্ষ্যে অনিবাসী বাংলাদেশীদের বিনিয়োগের সুযোগ সৃষ্টির লক্ষ্যে সঞ্চয় বন্ড চালু করা হয়। সঞ্চয়বন্ডে বিনিয়োগের মাধ্যমে দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধির সুযোগ সৃষ্টি হয়েছে। বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ যেমনঃ নারী, বয়োজ্যেষ্ঠ নাগরিক, অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা-কর্মচারী, শারীরিক প্রতিবন্ধী, অটিস্টিকদের শিক্ষা/সহায়তার জন্য প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান, দুঃস্থ ও অনাথ শিশুদের নিবন্ধিত আশ্রয় প্রতিষ্ঠান (অনাথ আশ্রম, শিশু পরিবার, এতিমখানা ইত্যাদি) এবং প্রবীণদের জন্য নিবন্ধিত আশ্রয় কেন্দ্র এর অর্থ এবং কোম্পানি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ডের অর্থ সঞ্চয়পত্রে বিনিয়োগের সুযোগ সৃষ্টি করা হয়। জাতীয় সঞ্চয় পরিদপ্তর  প্রতিষ্ঠার দীর্ঘ ৪২ বছর পর ২০১৪ সালে বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় সঞ্চয় পরিদপ্তরকে জাতীয় সঞ্চয় অধিদপ্তরে উন্নীত করেন। ফলে দপ্তরটির সাংগঠনিক কাঠামোর কলেবর বৃদ্ধি পায়। বর্তমানে ৬৪টি জেলা সঞ্চয় অফিস/ব্যুরো এবং ১৩টি জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরোর মাধ্যমে সঞ্চয়পত্রের লেনদেন কার্যক্রম পরিচালিত হচ্ছে। জাতীয় সঞ্চয় অধিদপ্তরের আওতাধীন জাতীয় সঞ্চয় ব্যুরোসমূহের পাশাপাশি বাংলাদেশ ব্যাংক, অনুমোদিত বাণিজ্যিক ব্যাংকের শাখা ও ডাকঘর সঞ্চয়স্কিমের বিক্রয় ও নগদায়ন কার্যক্রম পরিচালনা করে থাকে।

## ৫ বছর মেয়াদি বাংলাদেশ সঞ্চয়পত্র

| প্রবর্তনঃ ১৯৭৭ খ্রিঃ | মেয়াদ: ৫ বছর | মুনাফা প্রদান পদ্ধতি: মেয়াদান্তে |
|---|---|---|

| মেয়াদ | সঞ্চয় স্কিমের ক্রমপুঞ্জিভুত বিনিয়োগের পরিমাণ | | |
|---|---|---|---|
| | ১৫,০০,০০০ টাকা পর্যন্ত | ১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০ টাকা পর্যন্ত | ৩০,০০,০০১ টাকা হতে তদুর্ধ্ব |
| ১ম বছরান্তে | ৯.৩৫% | ৮.৫৪% | ৭.৭১% |
| ২য় বছরান্তে | ৯.৮০% | ৮.৯৫% | ৮.০৮% |
| ৩য় বছরান্তে | ১০.২৫% | ৯.৩৬% | ৮.৪৫% |
| ৪র্থ বছরান্তে | ১০.৭৫% | ৯.৮২% | ৮.৮৬% |
| ৫ম বছরান্তে | ১১.২৮% | ১০.৩০% | ৯.৩০% |
| মেয়াদান্তে প্রতি লাখে নীট মুনাফা | ৫০,৭৬০/- | ৪৬,৩৫০/- | ৪১,৮৫০/- |

## তিন মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র

| প্রবর্তনঃ ১৯৯৮ খ্রিঃ | মেয়াদ: ৩ বছর | মুনাফা প্রদান পদ্ধতি: ত্রৈমাসিকভিত্তিতে |
|---|---|---|

| মেয়াদ | সঞ্চয় স্কিমের ক্রমপুঞ্জিভুত বিনিয়োগের পরিমাণ | | |
|---|---|---|---|
| | ১৫,০০,০০০ টাকা পর্যন্ত | ১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০ টাকা পর্যন্ত | ৩০,০০,০০১ টাকা হতে তদুর্ধ্ব |
| ১ম বছরান্তে | ১০.০০% | ৯.০৬% | ৮.১৫% |
| ২য় বছরান্তে | ১০.৫০% | ৯.৫১% | ৮.৫৬% |
| ৩য় বছরান্তে | ১১.০৪% | ১০.০০% | ৯.০০% |
| মেয়াদান্তে প্রতি লাখে নীট মুনাফা | ২,৪৮৪ টাকা | ২,২৫০ টাকা | ২,০২৫ টাকা |

**৫ বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র ও তিন মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র যারা ক্রয় করতে পারবেনঃ**

(ক) সকল শ্রেণি ও পেশার বাংলাদেশী নাগরিক;

(খ) আয়কর বিধিমালা, ১৯৮৪ (অংশ-২) এর বিধি ৪৯-এর উপ-বিধি (২) এ সংজ্ঞায়িত স্বীকৃত ভবিষ্য তহবিল এবং ভবিষ্য তহবিল আইন, ১৯২৫ (১৯২৫ এর ১৯ নং) অনুযায়ী পরিচালিত ভবিষ্য তহবিল;

(গ) আয়কর অধ্যাদেশ-১৯৮৪ এর ৬ষ্ঠ তফসিল এর পার্ট-এ এর অনুচ্ছেদ ৩৪ অনুযায়ী মৎস্য খামার, হাঁস-মুরগীর খামার, পেলিটেড পোল্ট্রি ফিডস উৎপাদন, বীজ উৎপাদন, স্থানীয় উৎপাদিত বীজ বিপণন, গবাদি পশুর খামার, দুগ্ধ এবং দুগ্ধজাত দ্রব্যের খামার, ব্যাঙ উৎপাদন খামার, উদ্যান খামার প্রকল্প, রেশম গুটিপোকা পালনের খামার, ছত্রাক উৎপাদন এবং ফল ও লতাপাতার চাষ হতে অর্জিত আয়-যা সংশ্লিষ্ট উপ-কর কমিশনার কর্তৃক প্রত্যয়নকৃত।

(ঘ) অটিস্টিকদের জন্য প্রতিষ্ঠিত শিক্ষা প্রতিষ্ঠান/ অটিস্টিকদের সহায়তার জন্য প্রতিষ্ঠিত অন্য কোন প্রতিষ্ঠান। তবে শর্ত থাকে যে, প্রতিষ্ঠানের বিনিয়োগকৃত অর্থের মুনাফা অবশ্যই অটিস্টিকদের সহায়তায় ব্যবহার করতে হবে এবং প্রতিষ্ঠানটি সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রত্যয়নকৃত হতে হবে।

(ঙ) দুঃস্থ ও অনাথ শিশুদের নিবন্ধিত আশ্রয় প্রতিষ্ঠান (অনাথ আশ্রম, শিশু পরিবার, এতিমখানা ইত্যাদি)।

(চ) প্রবীণদের জন্য নিবন্ধিত আশ্রয় কেন্দ্র।

**বিনিয়োগের উর্ধ্বসীমা:**

(ক) ব্যক্তির ক্ষেত্রেঃ একক নামে ৩০ লক্ষ অথবা যুগ্ম-নামে ৬০ লক্ষ টাকা;

(খ) প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ ভবিষ্য তহবিলের মোট স্থিতির ৫০%, তবে সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) কোটি টাকা;

(গ) ফার্মের ক্ষেত্রেঃ সর্বোচ্চ ২ (দুই) কোটি টাকা।

(ঘ) অটিস্টিক সহায়ক প্রতিষ্ঠান, দুঃস্থ ও অনাথ শিশুদের নিবন্ধিত আশ্রয় প্রতিষ্ঠান (অনাথ আশ্রম, শিশু পরিবার, এতিমখানা ইত্যাদি) এবং প্রবীণদের জন্য নিবন্ধিত আশ্রয় কেন্দ্রের ক্ষেত্রে সর্বোচ্চ ৫ (পাঁচ) কোটি টাকা।

**কোথায় পাওয়া যায়ঃ** জাতীয় সঞ্চয় ব্যুরো, বাংলাদেশ ব্যাংক, অনুমোদিত বাণিজ্যিক ব্যাংক ও ডাকঘর থেকে ক্রয় ও নগদায়ন করা যায়।

*বিশেষ দ্রষ্টব্য: সঞ্চয়পত্রের প্রাতিষ্ঠানিক বিনিয়োগের কার্যক্রম শুধু জাতীয় সঞ্চয় অধিদপ্তরের আওতাধীন সঞ্চয় ব্যুরোসমূহের মাধ্যমে পরিচালিত হয়।*

## পেনশনার সঞ্চয়পত্র

| প্রবর্তনঃ ২০০৪ খ্রিঃ | মেয়াদ: ৫ বছর | মুনাফা প্রদান পদ্ধতি: ত্রৈমাসিকভিত্তিতে |
|---|---|---|

| মেয়াদ | সঞ্চয় স্কিমের ক্রমপুঞ্জিভুত বিনিয়োগের পরিমাণ | | |
|---|---|---|---|
| | ১৫,০০,০০০ টাকা পর্যন্ত | ১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০ টাকা পর্যন্ত | ৩০,০০,০০১ টাকা হতে তদুর্ধ্ব |
| ১ম বছরান্তে | ৯.৭০% | ৮.৮৭% | ৮.০৪% |
| ২য় বছরান্তে | ১০.১৫% | ৯.২৮% | ৮.৪২% |
| ৩য় বছরান্তে | ১০.৬৫% | ৯.৭৪% | ৮.৮৩% |
| ৪র্থ বছরান্তে | ১১.২০% | ১০.২৪% | ৯.২৯% |
| ৫ম বছরান্তে | ১১.৭৬% | ১০.৭৫% | ৯.৭৫% |
| মেয়াদান্তে প্রতি লাখে নীট মুনাফা | ২,৬৪৬ টাকা | ২,৪১৮.৭৫ টাকা | ২,১৯৩.৭৫ টাকা |

**যারা ক্রয় করতে পারবেনঃ**

অবসরপ্রাপ্ত সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী, সুপ্রীম কোর্টের অবসরপ্রাপ্ত মাননীয় বিচারপতিগণ, সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্য এবং মৃত চাকুরিজীবীর পারিবারিক পেনশন সুবিধাভোগী স্বামী/স্ত্রী/সন্তান।

**বিনিয়োগের উর্ধ্বসীমা:**

প্রাপ্ত আনুতোষিক ও ভবিষ্য তহবিলের অর্থ মিলিয়ে একক নামে সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা।

**কোথায় পাওয়া যায়ঃ** জাতীয় সঞ্চয় ব্যুরো, বাংলাদেশ ব্যাংক, অনুমোদিত বাণিজ্যিক ব্যাংক ও ডাকঘর থেকে ক্রয় ও নগদায়ন করা যায়।

# পরিবার সঞ্চয়পত্র

| প্রবর্তনঃ ২০০৯ খ্রিঃ | মেয়াদ: ৫ বছর | মুনাফা প্রদান পদ্ধতি: মাসিকভিত্তিতে |
|---|---|---|

| মেয়াদ | সঞ্চয় স্কিমের ক্রমপুঞ্জিভুত বিনিয়োগের পরিমাণ | | |
|---|---|---|---|
| | ১৫,০০,০০০ টাকা পর্যন্ত | ১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০ টাকা পর্যন্ত | ৩০,০০,০০১ টাকা হতে তদূর্ধ্ব |
| ১ম বছরান্তে | ৯.৫০% | ৮.৬৬% | ৭.৮৩% |
| ২য় বছরান্তে | ১০.০০% | ৯.১১% | ৮.২৫% |
| ৩য় বছরান্তে | ১০.৫০% | ৯.৫৭% | ৮.৬৬% |
| ৪র্থ বছরান্তে | ১১.০০% | ১০.০৩% | ৯.০৭% |
| ৫ম বছরান্তে | ১১.৫২% | ১০.৫০% | ৯.৫০% |
| মেয়াদান্তে প্রতি লাখে নীট মুনাফা | ৮৬৪ টাকা | ৭৮৭.৫০ টাকা | ৭১২.৫০ টাকা |

**যারা ক্রয় করতে পারবেনঃ**

১৮ (আঠারো) ও তদূর্ধ্ব বয়সের যে কোন বাংলাদেশী মহিলা, যে কোন বাংলাদেশী শারীরিক প্রতিবন্ধী (পুরুষ ও মহিলা) এবং ৬৫ (পঁয়ষট্টি) ও তদূর্ধ্ব বয়সের বাংলাদেশী (পুরুষ ও মহিলা) নাগরিক।

**বিনিয়োগের উর্ধ্বসীমা:**

একক নামে সর্বোচ্চ ৪৫ লক্ষ টাকা।

**কোথায় পাওয়া যায়ঃ** জাতীয় সঞ্চয় ব্যুরো, বাংলাদেশ ব্যাংক, অনুমোদিত বাণিজ্যিক ব্যাংক ও ডাকঘর থেকে ক্রয় ও নগদায়ন করা যায়।

**ক্রমপুঞ্জিভুত বিনিয়োগসীমাঃ**

৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র, তিন মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র এবং পরিবার সঞ্চয়পত্র-এই ৩টি সঞ্চয়পত্রে ক্রমপুঞ্জিভূত বিনিয়োগের উর্ধসীমা একক নামে সর্বোচ্চ ৫০ লক্ষ টাকা অথবা যুগ্ম-নামে সর্বোচ্চ ১ কোটি টাকা।

**উৎসে কর কর্তনঃ** ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র, তিন মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র ও পরিবার সঞ্চয়পত্রে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত সর্বমোট বিনিয়োগের ক্ষেত্রে মুনাফার উপর ৫% হারে এবং এর অধিক বিনিয়োগের ক্ষেত্রে মুনাফার উপর ১০% হারে উৎসে কর কর্তন করা হয়।

**সঞ্চয়পত্র ক্রয়ের জন্য প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা:**

**ব্যক্তির ক্ষেত্রেঃ**

(ক) যথাযথভাবে পূরণকৃত নির্ধারিত সঞ্চয়পত্র ক্রয়ের আবেদন ফরম; (এসসি ফরম-১)

(খ) ক্রেতা ও নমিনির জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি;

(গ) ক্রেতা ও নমিনির ০২ (দুই) কপি করে পাসপোর্ট সাইজের ছবি (নমিনির ছবি ক্রেতা কর্তৃক সত্যায়িত হতে হবে);

(ঘ) নাবালক নমিনির ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং প্রত্যয়নকারীর জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি;

(ঙ) ৫ (পাঁচ) লক্ষ টাকার অধিক বিনিয়োগের ক্ষেত্রে ক্রেতার আয়কর রিটার্ন দাখিলের প্রমাণক;

(চ) ক্রেতার ব্যাংক হিসাবের MICR চেকের পাতা ও চেকের পাতার ফটোকপি;

(ছ) পেনশনার সঞ্চয়পত্র ক্রয়ের জন্য পেনশন বই, আনুতোষিক ও ভবিষ্য তহবিলের মঞ্জুরিপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে অথবা পিএসসি-২ ফরম নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট থেকে পূরণ করে ইস্যু অফিসে দাখিল করতে হবে।

**কোম্পানির এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ড বিনিয়োগের জন্য প্রয়োজনীয় কাগজপত্রের তালিকাঃ**

(ক) The Income Tax Rules, 1984 (Part-II) এর বিধি-৪৯(২) অনুযায়ী ফান্ডটি সংজ্ঞায়িত এবং আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর The First Schedule, Part-B অনুযায়ী আয়কর কমিশনার কর্তৃক প্রভিডেন্ট ফান্ডের স্বীকৃতি পত্র;

(খ) কোম্পানি হিসেবে নিবন্ধনের প্রমাণক হিসেবে রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস (RJSC) কর্তৃক প্রদত্ত Certificate of Incorporation এর কপি;

(গ) কোম্পানির নিরীক্ষিত বার্ষিক আর্থিক বিবরণী ও ভবিষ্য তহবিলের নিরীক্ষিত বার্ষিক আর্থিক বিবরণী;

(ঘ) ভবিষ্য তহবিলের নামে করদাতা সনাক্তকরণ নম্বর (TIN);

(ঙ) ভবিষ্য তহবিলের নামে ব্যাংক হিসাবের MICR চেক ও চেকের পাতার ফটোকপি;

(চ) ভবিষ্য তহবিলের ব্যাংক হিসাব বিবরণী (Bank Statement);

(ছ) ভবিষ্য তহবিলের অর্থ সঞ্চয়পত্রে বিনিয়োগের বিষয়ে পরিচালনা পর্ষদের সভার কার্যবিবরণীর কপি এবং সঞ্চয়পত্র ক্রয়ের আবেদন ফরমে স্বাক্ষরকারী অন্তত: দুইজন কর্মকর্তার নাম ও পদবি।

**ভবিষ্য তহবিল আইন, ১৯২৫ অনুযায়ী পরিচালিত প্রতিষ্ঠানের এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ড বিনিয়োগের জন্য প্রয়োজনীয় কাগজপত্রের তালিকাঃ**

(ক) প্রতিষ্ঠানের প্রভিডেন্ট ফান্ড সংরক্ষণের বিষয়ে সরকারি গেজেটের কপি;

(খ) প্রতিষ্ঠানের নিরীক্ষিত বার্ষিক আর্থিক বিবরণী ও ভবিষ্য তহবিলের নিরীক্ষিত বার্ষিক আর্থিক বিবরণী;

(গ) ভবিষ্য তহবিলের নামে করদাতা সনাক্তকরণ নম্বর (TIN);

(ঘ) ভবিষ্য তহবিলের নামে ব্যাংক হিসাবের MICR চেক ও চেকের পাতার ফটোকপি;

(ঙ) ভবিষ্য তহবিলের ব্যাংক হিসাব বিবরণী (Bank Statement);

(চ) ভবিষ্য তহবিলের অর্থ সঞ্চয়পত্রে বিনিয়োগের বিষয়ে পরিচালনা পর্ষদের সভার কার্যবিবরণীর কপি এবং সঞ্চয়পত্র ক্রয়ের আবেদন ফরমে স্বাক্ষরকারী অন্তত: দুইজন কর্মকর্তার নাম ও পদবি।

**মৎস্য, পোল্ট্রি ও কৃষি ফার্মের আয় বিনিয়োগের জন্য প্রয়োজনীয় কাগজপত্রের তালিকাঃ**

(ক) আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৬ষ্ঠ তফসিল এর পার্ট-এ এর অনুচ্ছেদ ৩৪ অনুযায়ী সংশ্লিষ্ট উপকর কমিশনারের প্রত্যয়নপত্র;

(খ) আয়কর অফিসে দাখিলকৃত আয় বিবরণীর কপি;

(গ) ফার্মের নিরীক্ষিত আর্থিক বিবরণী;

(ঘ) ফার্মের করদাতা সনাক্তকরণ নম্বর (TIN);

(ঙ) ফার্মের ব্যাংক হিসাবের MICR চেক ও চেকের পাতার ফটোকপি;

(চ) ফার্মের স্বত্বাধিকারীর ছবি ও জাতীয় পরিচয়পত্র (NID) এর কপি।

**অটিস্টিক সহায়ক প্রতিষ্ঠান, দুঃস্থ ও অনাথ শিশুদের নিবন্ধিত আশ্রয় প্রতিষ্ঠান ও প্রবীণদের জন্য নিবন্ধিত আশ্রয়কেন্দ্রের অর্থ বিনিয়োগের জন্য প্রয়োজনীয় কাগজপত্রের তালিকাঃ**

(ক) প্রতিষ্ঠানটি অটিস্টিক/দুঃস্থ ও অনাথ শিশু/প্রবীণদের সহায়তার জন্য প্রতিষ্ঠিত হয়েছে মর্মে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা অফিসের নিবন্ধনের কপি;

(খ) সঞ্চয়পত্রে বিনিয়োগকৃত অর্থের মুনাফা অটিস্টিক/দুঃস্থ ও অনাথ শিশু/প্রবীণদের সহায়তায় ব্যবহৃত হবে মর্মে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা অফিসের প্রত্যয়ন;

(গ) ফার্মের নিরীক্ষিত আর্থিক বিবরণী;

(ঘ) প্রতিষ্ঠানের নামে করদাতা সনাক্তকরণ নম্বর (TIN);

(ঙ) প্রতিষ্ঠানের নামে ব্যাংক হিসাবের MICR চেক ও চেকের পাতার ফটোকপি;

(চ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব বিবরণী (Bank Statement);

(ছ) সঞ্চয়পত্রের হিসাব পরিচালনাকারীগণের (অন্তত: দুইজন) নাম, পদবি, ছবি ও জাতীয় পরিচয়পত্র (NID) এর কপি।

**জাতীয় সঞ্চয় অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন নিম্নবর্ণিত সঞ্চয় স্কিমগুলো বাংলাদেশ ব্যাংক, দেশে অবস্থিত বিভিন্ন তফসিলি ব্যাংক-এর এডি শাখা এবং বিদেশে অবস্থিত বাংলাদেশের তফসিলি ব্যাংকের শাখা, এক্সচেঞ্জ কম্পোনি ও এক্সচেঞ্জ হাউজ থেকে ক্রয় ও নগদায়ন করা যায়ঃ**

(০১) ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড (৫-বছর মেয়াদী)

(০২) ইউ এস ডলার প্রিমিয়াম বন্ড (৩-বছর মেয়াদী)

(০৩) ইউ এস ডলার ইনভেস্টমেন্ট বন্ড (৩-বছর মেয়াদী)

**নিম্নবর্ণিত সঞ্চয় স্কিমগুলোর লেনদেন কার্যক্রম ডাকঘর কর্তৃক পরিচালিত হয়ঃ**

(০৪) ডাকঘর সঞ্চয় ব্যাংক - সাধারণ হিসাব

(০৫) ডাকঘর সঞ্চয় ব্যাংক - মেয়াদী হিসাব (৩-বছর মেয়াদী) এবং

(০৬) ডাক জীবন বীমা (আজীবন ও মেয়াদী)

**এছাড়াও**

বাংলাদেশ প্রাইজবন্ড (১০০ টাকা মূল্যমান) বাংলাদেশ ব্যাংক, বিভিন্ন তফসিলি ব্যাংক ও ডাকঘর থেকে ক্রয় ও নগদায়ন করা যায়।